তারিখ 21 OCT 1990
পৃষ্ঠা ১ কলাম ৫

দৈনিক সংবাদ

২১

# ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

পুলিশী হেফাজতে রাজশাহীর সর্বদলীয় ছাত্র ঐক্য নেতা জাহিদুল ইসলাম উকিলের মৃত্যুতে এবং কেন্দ্রীয় নেতা বজলুর রশীদ ফিরোজের আটকাদেশের প্রতিবাদে গতকাল শনিবার সর্বদলীয় ছাত্র ঐক্যের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে

(৭-এর পাতায় দেখুন)

## ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল

(১ম পাতার পর)

বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

ডাকসু ভবনের সামনে আয়োজিত সমাবেশে ছাত্রনেতা সিরাজুম মুনীর বক্তব্য রাখেন। তিনি বলেন, স্বৈরাচারী সরকার ছাত্র-গণআন্দোলনকে স্তব্ধ করে দেয়ার লক্ষ্যে মধ্যযুগীয় কায়দায় ছাত্র নেতৃবৃন্দের ওপর অত্যাচার-নির্যাতন চালিয়ে যাচ্ছে।

তিনি পুলিশী হেফাজতে রেখে নির্মমভাবে অত্যাচার চালিয়ে জাহিদুল ইসলামকে হত্যার নিন্দা করে অবিলম্বে ঘটনার বিচার দাবী করেন।

### নিন্দা ও প্রতিবাদ

বিভিন্ন ছাত্র ও রাজনৈতিক সংগঠন পৃথক পৃথক বিবৃতিতে রাজশাহীতে গ্রেফতারকৃত অবস্থায় পুলিশের নির্মম অত্যাচারে নিহত ছাত্রমৈত্রী নেতা জাহিদুল ইসলাম উকিলের মৃত্যুতে নিন্দা ও প্রতিবাদ জানিয়ে ক্ষোভ প্রকাশ করেছে।

বিবৃতিতে অবিলম্বে তদন্তের মাধ্যমে এই ঘটনার সাথে জড়িতদের শাস্তি দাবী করা হয়।

বিবৃতিদাতাদের মধ্যে রয়েছে ইউনাইটেড কমিউনিস্ট লীগ, বাংলাদেশ ছাত্রমৈত্রী, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল, ছাত্রলীগ (সো-সা), বাংলাদেশ যুব মৈত্রী, বাংলাদেশ রেল ওয়ার্কার্স এণ্ড এমপ্লয়ীজ লীগ, ছাত্রলীগ (রে-মো) ও বাংলাদেশ ইসলামী ছাত্র মজলিশ।

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের মুলতবী সভায় শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কিত নয়া অধ্যাদেশ প্রত্যাহারের দাবী জানানো হয়। ভিসি প্রফেসর

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## সিণ্ডিকেটের সভায়

(১ম পৃঃ পর)

মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বলা হয়, আইনজীবীদের মাধ্যমে নয়া অধ্যাদেশ পর্যালোচনা করিয়া দেখা গিয়াছে যে, এই অধ্যাদেশ বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩-এর পরিপন্থী। বিশ্ববিদ্যালয় খোলা অথবা বন্ধ রাখার দায়িত্ব সিণ্ডিকেটের। নয়া অধ্যাদেশের মাধ্যমে সিণ্ডিকেটের অধিকার খর্ব করা হইয়াছে। সভায় অবিলম্বে নয়া অধ্যাদেশ প্রত্যাহার ও বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার দাবী জানানো হয়।